2 0 1 8

PG Even Semester (CBCS) Exam., May—2018

বাংলা

(2nd Semester)

পাঠক্রম নং : BNGCC–205

(বাংলা সাহিত্যে প্রাচ্য ও পাশ্চাত্য প্রভাব)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। 'প্রাচীন সাহিত্য' গ্রন্থে কয়টি প্রবন্ধ আছে? প্রবন্ধগুলির নাম করো। 'রামায়ণ'কে মহাকাব্য বলবার পেছনে রবীন্দ্রনাথ যে সব যুক্তি তুলে ধরেছেন তার মূল্যায়ন করো। ১+৩+১০=১৪

২। 'কাব্যের উপেক্ষিতা'রা কোন্ কোন্ গ্রন্থের চরিত্র? গ্রন্থকারদের নাম করো। 'কাব্যের উপেক্ষিতা' প্রবন্ধটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? এই প্রবন্ধটির একটি রসগ্রাহী মূল্যায়ন উপস্থাপিত করো। ৩+৩+১+৭=১৪

খ—গুচ্ছ

৩। মাইকেল মধুসূদন দত্তের রচিত প্রথম নাটকের নাম কী? 'কৃষ্ণকুমারী' নাটকে প্রাচ্য ও পাশ্চাত্য প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১+৬+৭=১৪

৪। গিরিশচন্দ্র ঘোষের যে কোনো দুটি নাটকের নাম লেখো। ''নাট্যকার গিরিশচন্দ্র নিজেই স্বীকার করে বলেছেন, 'মহাকবি শেক্সপীয়ারই আমার আদর্শ'। তবে আমরা এও জানি মাইকেল, গিরিশচন্দ্র, দ্বিজেন্দ্রলাল কেউই শেক্সপীয়ারের নাট্যাদর্শকে অস্বীকার করতে পারেননি।'' সমালোচকের এই মন্তব্যের আলোকে উক্ত যে কোনো দুজন নাট্যকারের নাট্যকৃতিতে শেক্সপীয়ারের প্রভাব সম্পর্কে আলোচনা করো। ২+৬+৬=১৪

গ—গুচ্ছ

৫। ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায় রচিত দুটি আখ্যানগ্রন্থের নাম লেখো। ত্রৈলোক্যনাথের আখ্যানবিশ্বে প্রতীচ্য ভাবনার যে প্রভাব পরিলক্ষিত হয় সে সম্পর্কে আলোচনা করো। ২+১২=১৪

৬। 'রবিরশ্মি' ও 'রবীন্দ্রছোটগল্পের শিল্পরূপ' গ্রন্থ দুটির রচয়িতা কে? রবীন্দ্রউপন্যাসের সঙ্গে পাশ্চাত্য সাহিত্যের যে ভাবসাদৃশ্য লক্ষ্য করা যায় সে সম্পর্কে আলোচনা করো। ২+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। *Sailing to Byzantium* কার লেখা? বাংলা কাব্যে পাশ্চাত্য প্রভাবের দার্শনিক ও প্রায়োগিক দিকগুলি আলোচনা করো। ১+১৩=১৪

৮। টি. এস. এলিয়টের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো। বিষ্ণু দে এবং সুধীন্দ্রনাথ দত্তের কাব্যে এলিয়টের কাব্যভাবনার সাদৃশ্য ও বৈসাদৃশ্য সম্পর্কে আলোচনা করো। ২+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। ১৯২৫ সালে 'ম্যাজিক রিয়ালিজম' শব্দটি প্রথম কে ব্যবহার করেন? 'নিঃসঙ্গতার শতবর্ষ' (*One Hundred Years of Solitude*) উপন্যাসের লেখক কে? ''বালা চলেছে তার প্রেমের দুঃসাধ্য যাত্রাপথে, যেখানে স্বপ্ন এবং কুহক বাস্তবের থেকে অনেক বেশি বাস্তবিক।'' 'বিদ্যাধরী ও বিবাগী লখিন্দর' উপন্যাসে কুহক বাস্তবতার প্রয়োগ-কুশলতা বিশ্লেষণ করো।

১+১+১২=১৪

১০। ১৯৫৫ সালে প্রথম কে *Magical Realism* শব্দটি ব্যবহার করেন? 'নিঃসঙ্গতার শতবর্ষ' (*One Hundred Years of Solitude*) উপন্যাসটি কত সালে নোবেল পুরস্কার লাভ করে? ''কল্পনা ও বাস্তবের অনন্য একীকরণে আফসার আমেদের 'মেটিয়াবুরুজে কিস্‌সা' উপন্যাসটি হয়ে উঠেছে ঐন্দ্রজালিক বাস্তবতার এক প্রকৃষ্ট উদাহরণ।'' মন্তব্যটি পর্যালোচনা করো।

১+১+১২=১৪

★★★